

গাজীপুর ডুয়েটে ছাত্রলীগ ছাত্রশিবির সংঘর্ষে আহত ২৫, গ্রেফতার ৯

■ গাজীপুর প্রতিনিধি

গাজীপুরের ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ডুয়েট) রচনা প্রতিযোগিতার আয়োজনকে কেন্দ্র করে ছাত্রলীগ-ছাত্রশিবিরের সংঘর্ষের ঘটনায় মঙ্গলবার ৯ শিবিরকর্মীকে আটক করেছে পুলিশ। আটকরা হলেন- ডুয়েটের মেকানিক্যাল কর্তৃক বর্ষের ছাত্র আবদুল্লাহ আল মামুন, ইকবাল হোসেন, তৃতীয় বর্ষের শাহীনুর সিদ্দিকী, মোহাম্মদ মামুন, সাইদুল ইসলাম, আল আমিন হাওলাদার, কম্পিউটার সায়েন্সের মাহমুদুল্লাহ শাহান ও সিভিল প্রথম বর্ষের রাজু মোম্বার। রাতে ইসলামী ছাত্রশিবিরের সদস্যরা প্রধানমন্ত্রীর বিভিন্ন কর্মকর্তাবিষয়ক একটি রচনা প্রতিযোগিতার আয়োজন করে। এ সংবাদ পেয়ে ছাত্রলীগের নেতাকর্মীরা শিবির সন্দেহে বেশ কয়েকজন ছাত্রকে মারধর করে। এ সময় ছাত্রশিবিরের কর্মীরা পান্টা আক্রমণ করলে সংঘর্ষ হয়। এতে উভয়পক্ষের অন্তত ২৫ জন আহত হয়। সংঘর্ষ চলাকালে পুলিশ ক্যাম্পাসের সামনে অবস্থান নিলেও কর্তৃপক্ষের অনুমতি না থাকায় ভেতরে প্রবেশ করতে পারেনি। রাত ১টা থেকে ৩টা পর্যন্ত সংঘর্ষ চলে। এ সময় বিভিন্ন হলের ১০-১২টি কম্পিউটার ভাঙুর, বিছানাপত্র অগ্নিসংযোগ ও টাকা পুটের ঘটনা ঘটে।

ছাত্রলীগের ডুয়েট শাখার সভাপতি আবদুল্লাহ আল মামুন জানান, ছাত্রশিবির প্রধানমন্ত্রীর বিভিন্ন কর্মকা নিয়ে রচনা প্রতিযোগিতার আয়োজন করলে ছাত্রলীগের জাপান ও প্রত্যয়ের সঙ্গে কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে সংঘর্ষ বাধে।

বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের কমিটি : বঙ্গবন্ধু সাংস্কৃতিক জোটের গাজীপুর জেলা ও মহানগর আহ্বায়ক কমিটি গঠিত হয়েছে। মুহাম্মদ শাহীন আহ্বায়ক ও সামসুল হক খান ফুলকে সদস্য সচিব করে ৩৫ সদস্যের জেলা কমিটি এবং মো. মোস্তফা বারী রাজুকে আহ্বায়ক ও মো. মকবুল হোসেনকে সদস্য সচিব করে ৩৫ সদস্যের গাজীপুর মহানগর কমিটি করা হয়েছে। ১২ মে সংগঠনের কেন্দ্রীয় কমিটির ভারপ্রাপ্ত সভাপতি আকবর হোসেন পাঠান (চিত্রনাট্যক ফারুক) ও ভারপ্রাপ্ত সম্পাদক ফাহিম হামিদ স্বাক্ষরিত পত্রে তিনদিনের জন্য কমিটিকে অনুমোদন দেওয়া হয়েছে।